

তারিখ: 28/07/2017

**আর বি আই হারদোই, উত্তর প্রদেশস্থিত দ্য হারদোই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড -এর প্রতি
জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ সেপ্টেম্বর 29, 2017 পর্যন্ত বৃদ্ধি করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক, দ্য হারদোই আরবান কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড, হারদোই-এর প্রতি জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির মেয়াদ পর্যালোচনার সাপেক্ষে, জুলাই 30, 2017 থেকে সেপ্টেম্বর 29, 2017 পর্যন্ত, আরও দুই মাসের জন্য বৃদ্ধি করল। উক্ত ব্যাঙ্কটিকে জুলাই 29, 2016 থেকে ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 35A –র অধীনে জারি করা বিশেষ নিয়ন্ত্রণবিধির অধীনে আনা হয়েছিল। যে নিয়ন্ত্রণবিধির মেয়াদ জুলাই 24, 2017 তারিখাঙ্কিত আদেশবিধির মাধ্যমে সেপ্টেম্বর 29, 2017 অবধি বৃদ্ধি করা হয়েছে। জুলাই 24, 2017 তারিখাঙ্কিত উক্ত আদেশবিধির প্রতিলিপি সাধারণ জনগণের অবগতির জন্য ব্যাঙ্ক চত্বরে প্রদর্শিত আছে।

রিজার্ভ ব্যাঙ্ক কর্তৃক উক্ত আদেশবিধির এই পরিমার্জন থেকে স্বতই এই অর্থ নির্ধারণ সমীচীন নয় যে ব্যাঙ্কটির আর্থিক অবস্থার উন্নতি অথবা অবনতি হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক উদ্ভূত পরিস্থিতির উপর নির্ভর করে উক্ত আদেশবিধির পরিমার্জন বিবেচনা করতে পারে।

প্রেস প্রকাশনি : 2017-2018/277

অজিত প্রসাদ
সহায়ক উপদেষ্টা